100

দৈনিক ইনকিলাব

তারিখ ...28 FEB 1997... ..
পৃষ্ঠা ১ কলাম ৫ ...

# সোহ্‌রাওয়ার্দী কলেজ ও কবি নজরুল কলেজে ছাত্র লীগের দু'গ্রুপে ব্যাপক সংঘর্ষ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্র লীগের আভ্যন্তরীণ কোন্দলকে কেন্দ্র করে

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## সোহ্‌রাওয়ার্দী কলেজ

প্রথম পৃষ্ঠার পর

শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ ও কবি নজরুল ইসলাম কলেজে গতকাল ছাত্র লীগের বিবদমান দু'গ্রুপের কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। উভয় গ্রুপের কর্মীরা মারাত্মক আগ্নেয়াস্ত্রসহ ছুরি, চাপাতি, কিরিচ ও চাইনিজ কুড়াল নিয়ে মুখোমুখি সংঘর্ষে লিপ্ত হয়। এ ঘটনায় যুব লীগ ও ছাত্র লীগের ৩ জন কর্মীকে গুরুতর আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীর বিবরণে জানা যায়, শামীম গ্রুপের শামীম গতকাল সকাল ১০টায় তার দলবলসহ সোহ্‌রাওয়ার্দী কলেজে প্রবেশ করে ছাত্র মিলনায়তনের কাছে অবস্থানরত কামরুলের উপর আক্রমণ চালায়। কামরুল প্রাণভয়ে পালিয়ে গেলে তারা বেশ কয়েক রাউন্ড গুলী ছুঁড়ে কলেজ থেকে বেরিয়ে যায়। এ সময় ভীত-সন্ত্রস্ত হয়ে এলোপাতাড়ি ছুটোছুটি করতে গিয়ে ৫ জন ছাত্রীসহ ১০ জন আহত হয়। কিছুক্ষণ পর শামীম গ্রুপের কর্মীরা কলেজে একটি মিছিল বের করে। অপরদিকে ছাত্র দল, ছাত্র লীগের সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে কলেজ ক্যাম্পাসে মিছিল শেষে শহীদ মিনারে এসে এক সমাবেশ করে।

এদিকে কবি নজরুল ইসলাম কলেজ ছাত্র লীগের হলেন্ড ও লিয়াকত গ্রুপের মধ্যে বেলা সাড়ে ১২টার দিকে এক সংঘর্ষ বাধে। হলেন্ড গ্রুপের ছাত্র লীগ কর্মীরা জাতীয় ছাত্র সমাজের সাথে মিলিত হয়ে কলেজে অবস্থানরত লিয়াকত গ্রুপের উপর চড়াও হয়। লিয়াকত গ্রুপের কর্মীরা পার্শ্ববর্তী এলাকার যুব লীগের সহযোগিতায় প্রতিরোধ গড়ে তোলে। বাহাদুর শাহ পার্কের পূর্ব দিক ও লক্ষ্মীবাজার রোডে একটার পর একটা হাত বোমা ও ককটেল ফুটতে থাকে। ছুরি, চাপাতি, চাইনিজ কুড়াল নিয়ে দৌড়াদৌড়ি ও বোমার শব্দে পুরো এলাকা রণক্ষেত্রের রূপ নেয়।